

কেশবপুর পৌরসভা কার্যালয়

কেশবপুর, যশোর।

স্মারক সংখ্যা : কেশব/পৌর/১০-২৪/২০১৯/৮৫

তারিখ : ৩১/১/২০১৯ খ্রিঃ।

দরপত্র বিজ্ঞপ্তি নং- ৩/২০১৮-২০১৯

বাংলা ১৪২৬ সনে হাট-বাজার, কসাইখানা, মাইক্রোস্ট্যান্ড, বহিরাগত গাড়ি প্রবেশ ও ট্রাক-পিকআপ লোড আনলোড এবং পুরাতন সাইকেল হাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর জেলাধীন কেশবপুর পৌরসভার নিম্ন তফশিল বর্ণিত হাট-বাজার সহ অন্যান্য বিষয়সমূহ বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত (বন্ধের দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, যশোর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, সহকারী কমিশনার (স্থলি), কেশবপুর, কেশবপুর থানা (পুলিশ স্টেশন), সোনালী ব্যাংক, কেশবপুর শাখা ও কেশবপুর পৌরসভা কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্র নির্ধারিত তারিখে সকাল ৯-৩০ মিনিট হতে বেলা ১-০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, যশোর, পুলিশ সুপার, যশোর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, সহকারী কমিশনার (স্থলি), কেশবপুর ও কেশবপুর পৌরসভা কার্যালয়ে রক্ষিত টেন্ডার ব্যাল্ডে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩-০০ টায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে গোলা হবে। ১ম পর্যায়ের টেন্ডারে দাখিলকৃত কোন দরপত্র অনুমোদিত হলে ২য় পর্যায়ে তার নাম বাদ দেয়া হয়েছিল এবং ২য় পর্যায়ের টেন্ডারে অনুমোদিত হলে ৩য় পর্যায়ে তার নাম বাদ দেয়া হয়েছিল বলে গণ্য করতে হবে। এজন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। টেন্ডার সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে।

তফশিল

বাংলা ১৪২৬ সনে হাট-বাজার, কসাইখানা, মাইক্রোস্ট্যান্ড, পুরাতন সাইকেল হাট এবং বহিরাগত গাড়ি প্রবেশ ও ট্রাক-পিকআপ লোড আনলোড-এর নাম, সিডিউল মূল্য, কাঙ্ক্ষিত সরকারী মূল্য ও দরপত্র দাখিলের সময়সূচী

ক্র.সং.	নাম	দরপত্র দাখিলের তারিখ			সিডিউলের মূল্য	কাঙ্ক্ষিত সরকারী মূল্য
		১ম পর্যায়	২য় পর্যায়	৩য় পর্যায়		
১	ধরু ও মহিষ হাট	১৯/২/২০১৯ ইং	৪/৩/২০১৯ ইং	১৪/৩/২০১৯ ইং	৩০,৫০০/-	১,৫০,০০,০০০/-
২	ছাগল হাট	ঐ	ঐ	ঐ	৩,৫০০/-	১৫,৫৮,২৫০/-
৩	মাছ বাজার (সকল প্রকার খুচরা ও পাইকারী)	ঐ	ঐ	ঐ	৭,৫০০/-	৩৫,০০,০০০/-
৪	কাঁচা বাজার (পাইকারী ও খুচরা) বিশ্বাসপাড়া মোড় সহ	ঐ	ঐ	ঐ	৫,৫০০/-	২৫,৩০,০২৭/-
৫	হাঁস, দুগ্ধী, কবুতর ও মাংস বাজার	ঐ	ঐ	ঐ	১,২০০/-	২,৫০,০০০/-
৬	আম, কাঁঠাল ও আমড়া হাট	ঐ	ঐ	ঐ	১,৪০০/-	৩,৫০,০০০/-
৭	পান ও সুপারী হাট	ঐ	ঐ	ঐ	২,২০০/-	৮,০০,০০০/-
৮	চারু হাট (সকল প্রকার চারা)	ঐ	ঐ	ঐ	৫০০/-	১,০০,০০০/-
৯	নারকেল, গুড়, হলুদ ও চাকী হাট	ঐ	ঐ	ঐ	৫০০/-	২,০০,০০০/-
১০	ধান, চাল, পাট, খৈল, ভুট্টা, ভুঁইমাল, ভিন, বিচালী, মাটি ও বাঁশের তৈরী জিনিসপত্র হাট	ঐ	ঐ	ঐ	৫০০/-	৬০,০০০/-
১১	পুরাতন ও নতুন কাপড়/গার্মেন্টস হাট (মধু সড়ক টু বর্ণপাখি ভায়া ক্রিমোহিনী মোড়) এবং কলার আড়ৎ	ঐ	ঐ	ঐ	৫০০/-	৬০,০০০/-
১২	কসাইখানা	ঐ	ঐ	ঐ	৫০০/-	৫৪,৪৮৪/-
১৩	মাইক্রোস্ট্যান্ড	ঐ	ঐ	ঐ	৫০০/-	৩৪,৮১৪/-
১৪	পুরাতন সাইকেল হাট	ঐ	ঐ	ঐ	৫০০/-	৪১,৫৮৭/-
১৫	বহিরাগত গাড়ি প্রবেশ ও ট্রাক পিকআপ লোড আনলোড	ঐ	ঐ	ঐ	৪,৬০০/-	১৯,৭২,৬৫৯/-

শর্তাবলী :

- বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য ইজারা দেওয়া হবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে মেয়র, কেশবপুর পৌরসভার অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত উহা নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।
- যার দরপত্র গৃহীত হবে, তাকে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ পৌরসভার রাজস্ব তহবিলে জমা দিতে হবে এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% (শতকরা পাঁচ ভাগ) আয়কর ও ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে। অন্যথায় জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক উহার পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। তবে উক্ত দর যদি তফসিলে বর্ণিত কাঙ্ক্ষিত সরকারী মূল্যের চেয়ে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।